

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 5.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) দারার এক পুত্রের নাম সোলেমান, অন্য পুত্রের কী নাম?

(খ) দ্বিজেন্দ্রলাল 'সাজাহান' নাটকটি কার স্মৃতির উদ্দেশে নিবেদন করেছিলেন?

(১) রামনারায়ণ তর্করত্ন

(২) গিরিশচন্দ্র ঘোষ

(৩) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(৪) মীর মশাররফ হোসেন

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(গ) 'ছেঁড়া তার' নাটকে জাম্বুবানের মুখোশ কে পরেছিল?

(ঘ) কোন্ নাট্যগোষ্ঠী 'ছেঁড়া তার' নাটকের প্রথম মঞ্চাভিনয় করে?

(১) চর্চাক

(২) বহুকর্পী

(৩) থিয়েটার ওয়ার্কশপ

(৪) চেতনা

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(ঙ) শ্রীনগরের রাজার নাম কী?

(১) যশোবন্ত সিংহ

(২) মানসিংহ

(৩) পৃথ্বী সিংহ

(৪) কীর্তি সিংহ

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(চ) 'সাজাহান' নাটকের প্রথম অঙ্ক প্রথম দৃশ্যে কোন্ রাজপ্রাসাদের কথা বলা হয়েছে?

(১) আগ্রা

(২) দিল্লি

(৩) মেবার

(৪) লখনউ

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(ছ) 'ছেঁড়া তার' নাটকের অঙ্কসংখ্যা কত?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “My Dear Modern Lady, চাষা কথাটা কিন্তু মোটেই গালাগাল নয়।” বক্তা কে, কাকেই বা কথাটি বলা হয়েছে?
- (খ) “লছমী চাহিতে দারিদ্র্য বেড়ল
মাণিক হারানু হেলে।”
‘সাজাহান’ নাটকের কোথায়, কে এই গান গেয়েছেন?
- (গ) দিলরুবা কেনার টাকাটা রহিম কোথায়, কীভাবে পেয়েছিল?
- (ঘ) “দারা আপনার কে? সেও মুসলমান, ঔরঙ্গজীবও মুসলমান।” ‘সাজাহান’ নাটকে কে, কাকে এমন কথা বলেছিলেন?

৩। সংক্ষেপে প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) “পিতা, সম্রাট সাজাহান কি বন্দী?” উক্তিটি কার? কোন্ পরিস্থিতিতে, কাকে এমন কথা জিজ্ঞাসা করা হয়েছে?
- (খ) ‘সাজাহান’ নাটকের দিলীর খাঁ চরিত্র সংক্ষেপে আলোচনা করো।
- (গ) ‘ছেঁড়া তার’ নাটকে শ্রীমন্ত চরিত্রের উপযোগিতা আছে কি?
- (ঘ) “এই শঙ্কাকুল দৃষ্টি, এই ভয়বিহ্বল উক্তি তোমার শোভা পায় না।” জাহানারা কাকে, কোন্ পরিস্থিতিতে এমন কথা বলেছিলেন?
- (ঙ) ‘ছেঁড়া তার’ নাটকের নামটি নাট্যকাহিনির সঙ্গে কতটা সংগতিপূর্ণ?

- ৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) “মৎপ্রণীত অন্যান্য নাটক হইতে এই নাটকের (সাজাহানের) বিশেষ পার্থক্য আছে।” ‘সাজাহান’ নাটক সম্পর্কে নাট্যকারের এমন উক্তির যথার্থ ব্যাখ্যা দাও।
- (খ) “বিচিত্র দোষগুণের সমন্বয়ে” ঔরঙ্গজীব চরিত্রটি কতটা শিল্পসার্থক হয়ে উঠেছে আলোচনা করো।
- (গ) ‘সাজাহান’ নাটকে দিলদার চরিত্র নাট্যকাহিনির কী প্রয়োজন সিদ্ধ করেছে, আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) “‘ছেঁড়া তার’ নাটকখানি ট্রাজেডির গোত্রভুক্ত।” সমালোচকের এমন উক্তি সমর্থনযোগ্য কিনা বিচার করো।
- (খ) ‘ছেঁড়া তার’ নাটকে নাট্যকার অপ্রধান চরিত্রগুলোর সম্বন্ধে এক গুরুত্বপূর্ণ সমগ্রকে গড়ে তোলায় দক্ষতা দেখিয়েছেন—নাট্যাবলম্বনে কথটি স্পষ্ট করো।
- (গ) শিষ্ণু, শান্ত, সারল্যের মূর্তি ফুলজানের চরিত্র-চিত্রণে নাট্যকার কতটা সফল, বিচার করো।

★ ★ ★